



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০১১

তারিখ ২২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ


## Duplicate ও Blank Form ভর্তিকৃত শিক্ষার্থীদের সমস্যা সমাধান ও ৪র্থ বিষয় সংযোজন এবং শুধুমাত্র নিশ্চায়নের সময় বৃদ্ধিকরণ বিজ্ঞপ্তিঃ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২১-২০২২ শিক্ষাবর্ষের সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহে পরিচালিত সকল ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রম এবং এইচএসসি (বিএমটি/ভোক:) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের Duplicate ভর্তিকৃত এবং Blank Form ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) লিংকের মাধ্যমে প্রদান করা হয়েছে। যা কলেজ লগইন করে দেখা যাবে। ভর্তিকৃত যে সকল শিক্ষার্থীদের Approved List-এ নাম আছে কিন্তু From Fill-up List-এ নাম নাই সেসকল শিক্ষার্থীদের তালিকা Duplicate/Multiple Admitted List (Year 2021) ও Duplicate/Multiple Admitted List (All) অথবা Blank Form Application রয়েছে। যাদের নাম From Fill-up List-এ নেই অর্থাৎ বর্ণিত তালিকায় থাকা শিক্ষার্থীদের নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

- যে সকল শিক্ষার্থীর তালিকা প্রতিষ্ঠানের Blank Form Application-এ রয়েছে তাদের মূল নম্বরপত্রসহ ফরওয়ার্ডিং নতুন ভবনের ৭০১ নং রুমের নিম্ন ছকে বর্ণিত সময়ের মধ্যে প্রদর্শন করতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- যেসকল শিক্ষার্থী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে ২০২১-২২ শিক্ষাবর্ষে বিভিন্ন শিক্ষাক্রমে Duplicate/Multiple Admitted List (Year 2021) তালিকায় আছে, তাদের মূল নম্বরপত্র যে প্রতিষ্ঠানে জমা আছে সেই প্রতিষ্ঠান কলেজ লগইন করে অন-লাইনে টিক চিহ্ন দিয়ে সাবমিট বাটনে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, যেসকল প্রতিষ্ঠান শিক্ষার্থীর মূল নম্বরপত্র প্রতিষ্ঠানে জমা না থাকা সত্ত্বেও টিক চিহ্ন দিয়ে সাবমিট করবে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এসকল শিক্ষার্থীর বোর্ডে আসার প্রয়োজন নেই।
- ২০২১-২২ শিক্ষাবর্ষের পূর্বে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তিকৃত শিক্ষার্থীদের যদি Duplicate/Multiple Admitted List (All) তালিকায় আছে তাদের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র (সকল মূলকপি) সহ প্রতিষ্ঠান প্রধানের সুপারিশকৃত ভর্তি বাতিলের আবেদনপত্রসহ "উপ সচিব (রেজিস্ট্রেশন)" বরাবর আবেদন করতে হবে। পুরাতন ভবনের ১১৫ নং কক্ষ হতে শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিলের ফি ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদ নিয়ে ব্যাংকে জমাদানপূর্বক নতুন ভবনের ৫ম তলায় জমা দিতে হবে।

শিক্ষাক্রম	কার্যক্রমের বিবরণ	মন্তব্য
সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রম (ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, কৃষি, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক, মেরিন ও শীপবিভিৎ) এবং এইচএসসি (বিএমটি/ভোক:), ডিপ্লোমা ইন কমার্স।	২০২১ সনের পূর্বে পাশকৃত শিক্ষার্থীদের Duplicate ভর্তি বাতিল ও Blank Form ভর্তিকৃত শিক্ষার্থীদের মূলনম্বরপত্র প্রদর্শনের তারিখ ১৮ জুলাই, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।	ডুপ্লিকেট ভর্তি বাতিল না হলে এবং Blank Form-এ ভর্তিকৃতদের মূলনম্বরপত্র প্রদর্শন না করলে শিক্ষার্থী ফরম ফিলাপের যোগ্য বলে বিবেচিত হবে না এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।
বেসরকারি ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রম (ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, কৃষি, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক, মেরিন ও শীপবিভিৎ) এবং এইচএসসি (বিএমটি/ভোক:), ডিপ্লোমা ইন কমার্স।	যে সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফি দিয়ে অনলাইনে আবেদন করেছে তাদের আগামী ১২-১৫ জুলাই, ২০২২ খ্রি. তারিখের মধ্যে নিশ্চায়ন করা যাবে। এসকল শিক্ষার্থীদের প্রতিষ্ঠান Log-In করে Not Approved List হতে শুধুমাত্র যাদের মূল নম্বরপত্র প্রতিষ্ঠানে জমা আছে তাদের টিক চিহ্ন দিয়ে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এই সময়ের মধ্যেই এসকল শিক্ষার্থীর ৪র্থ বিষয় সংযোজন করতে হবে।	কেবলমাত্র নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদনকৃত শিক্ষার্থীরাই নিশ্চায়নের সুযোগ পাবে। নতুন করে ভর্তির আবেদনের কোন সুযোগ থাকবে না। টিক চিহ্ন দিয়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীর মূল নম্বরপত্র ও নিশ্চায়ন ফি বাবদ সমুদয় টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে ১৬-১৮ জুলাই, ২০২২ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ৭০১ নং কক্ষে জমা প্রদান করতে হবে।

উল্লেখ্য, ৪র্থ বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় লিংক খোলা আছে। যেসকল শিক্ষার্থীর ৪র্থ বিষয় নির্ধারিত সময়ে প্রদান করা সম্ভবপর হয়নি সেসকল শিক্ষার্থীদের কলেজ Log-In করে 4<sup>th</sup> Subject Not Submitted List (BMT/VOC) Link-এ প্রবেশ করে আগামী ০৮ জুলাই, ২০২২ খ্রি. তারিখের মধ্যে ৪র্থ বিষয় সংযোজনের জন্য অনুরোধ করা হলো।

  
(প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।